262

দৈনিক জনকণ্ঠ

তারিখ ··· 09 FEB 1995 ··
পৃষ্ঠা ৩ কলাম ২ ···

**সূর্যাস্ত আইন বাতিল কর!**

# ঢাকা ভার্সিটি ক্যাম্পাসে ছাত্রীদের বিক্ষোভ সমাবেশ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার:** "সূর্যাস্ত আইন" বাতিলের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারটি ছাত্রী হলের আবাসিক ছাত্রীরা বুধবার ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশ করেছে। স্মরণকালের এ বৃহত্তম ছাত্রী সমাবেশে রোকেয়া, সামসুন্নাহার, কুয়েত মৈত্রী ও নবাব ফয়জুন্নেসা হলের সকল সংগঠনের নেতা-কর্মীরা অংশগ্রহণ করে।

ডাকসু ভবনের সামনে আয়োজিত সমাবেশ শেষে আন্দোলনরত ছাত্রীরা উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদের কাছে বিভিন্ন দাবি-দাওয়া সংবলিত স্মারকলিপি পেশ করেন।

পূর্ব ঘোষণা অনুযায়ী সকাল থেকেই ছাত্রীরা মিছিলসহকারে ক্যাম্পাসে এসে জড়ো হয়। মিছিলের সময় ছাত্রীরা "ভাল থাকার জন্য নিজের বিবেকই যথেষ্ট", "সময়ের সীমাবদ্ধতা আমার ভাল নিশ্চিত করে না", "লেট

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## ঢাকা ভার্সিটি ক্যাম্পাসে

(প্রথম পাতার পর)

পারমিশনের জন্য আবেদনপত্র প্রথা তুলে নিতে হবে" ইত্যাদি স্লোগান লেখা পোস্টার বহন করে। এছাড়া ছাত্রীরা "১৯৯২ সালের প্রক্টরিয়াল রুলস ও ১৯৭৩ সালের অর্ডিন্যান্সে রয়েছে অনেক কালো আইন, যা মানুষ হিসাবে আমাদের বিকাশকে প্রতিনিয়ত অবদমিত করছে" লেখা প্লাকার্ড নিয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

মিছিল শেষে ডাকসু ভবনের সামনে আয়োজিত সমাবেশে সামসুন্নাহার হলের পক্ষ থেকে ফজিলতুন্নেছা বাপ্পী, রোকেয়া হলের কোহিনূর বেগম, মৈত্রী হলের উম্মে হাবিবা সুমী ও হাফিজুন্নেছা প্রমুখ বক্তব্য রাখেন। বক্তারা ১৯২২ সালের প্রক্টরিয়াল রুলস ও ১৯৭৩ সালের বিশ্ববিদ্যালয় রেগুলেশন্‌স সংশোধনের জোর দাবি জানান।

সমাবেশ শেষে ছাত্রীরা মিছিলসহকারে উপাচার্যের কার্যালয়ে যায়। এ সময় দশ সদস্যের একটি প্রতিনিধি দল উপাচার্যের সাথে সাক্ষাত করে এবং স্মারকলিপি পেশ করে। স্মারকলিপিতে স্থানীয় অভিভাবকদের স্বাক্ষরবিধি, লেট পারমিশনের ক্ষেত্রে আবেদনপত্র প্রথা ও প্রতি সন্ধ্যায় হাজিরা প্রথা প্রত্যাহারের দাবি জানানো হয়। ছাত্রীরা এখানে বেলা ২টা পর্যন্ত অবস্থান করেন।

আজ বৃহস্পতিবার বিকাল ৩টায় আন্দোলনরত ছাত্রীদের পক্ষ থেকে মধুর কেন্টিনে সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়েছে। এ সাংবাদিক সম্মেলন থেকে পরবর্তী কর্মসূচী ঘোষণা করা হবে।